অধ্যক্ষ্যের কার্যালয়

# চাঁদের হাট ডিগ্রী কলেজ

CHANDER HAT DEGREE COLLEGE

(স্থাপিতঃ- ১৯৯৪ইং)

ডাকঘরঃ চাঁদের হাট, উপজেলা ও জেলাঃ নীলফামারী।

ওয়েবসাইডঃ www.chc.edu.bd | ই-মেইলঃ chanderhatcollege@yahoo.com

উমাঃ কোড- ৬৫০২
ডিগ্রী কোড- ৩১১৩
বিএম কোড- ১৪১০৮
EIIN : ১২৫১৮৭
ফোনঃ ০১৭১২২১৫১৩০

স্মারক নং-.............................................................................................. তারিখঃ-১০/১১/২০২৫ ইং

## নোটিশ

এতদ্বারা অত্র কলেজের ডিগ্রী (পাশ) ও অনার্স সর্ম্মান কোর্সের সকল ছাত্র-ছাত্রীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে,জাতীয় বিশ্ববিদ্যালয়ের অন্ত কলেজ ক্রীড়া প্রতিযোগিতা-২০২৬ অংশ গ্রহন করতে ইচ্ছুক ছাত্র-ছাত্রীদের আগামী ১৬/১১/২০২৫ ইং তারিখের মধ্যে অত্র কলেজের শরীর চর্চা শিক্ষক জনাব, মোঃ আব্দুল কাদের স্যারের কাছে নামের তালিকা প্রদান করার জন্য বলা হল ।

(মোঃ সহিদুল ইসলাম)
অধ্যক্ষ
চাঁদের হাট ডিগ্রী কলেজ
নীলফামারী।

Md. Shahidul Islam
Principal
Chander Hat Degree College
Chander Hat, Dist. Nilphamari

# জাতীয় বিশ্ববিদ্যালয়

বাংলাদেশ

স্মারক নং-৩২(০৩৮)জাতীঃবিঃ/শাঃশিঃ/স্পোর্টসবোর্ড/২০১২/৯৭৪৬

তারিখ: ১৯ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
০৪ নভেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

## বিজ্ঞপ্তি

### আন্তঃকলেজ ক্রীড়া প্রতিযোগিতা-২০২৬

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সকল কলেজ/শিক্ষা প্রতিষ্ঠানসমূহের সম্মানিত অধ্যক্ষবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, স্নাতক (পাস ও সম্মান) এবং স্নাতকোত্তর শ্রেণিতে অধ্যয়নরত নিয়মিত ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে আন্তঃকলেজ ক্রীড়া প্রতিযোগিতা-২০২৬ এর কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

প্রতিযোগিতা অনুষ্ঠানের তারিখ ও ভেন্যু নিম্নে উল্লেখ করা হলো।

ক. নিবন্ধন কার্যক্রম : ০৫ নভেম্বর ২০২৫ থেকে ১৮ নভেম্বর ২০২৫ পর্যন্ত
খ. জেলা পর্যায় : ২০ নভেম্বর ২০২৫ থেকে ৩০ নভেম্বর ২০২৫ পর্যন্ত

*বিভাগীয়/জাতীয় পর্যায়ের প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণের তারিখ পরে জানানো হবে।*

২) প্রতিযোগিতায় অংশগ্রহণের নিমিত্তে অধিভুক্ত কলেজসমূহের ইভেন্ট-ভিত্তিক প্রতিযোগীবৃন্দের সকল তথ্য বিজ্ঞপ্তি প্রকাশের ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয় এর ওয়েবসাইটে (https://sports.nu.ac.bd) গিয়ে College Login (পাসওয়ার্ড collegeportal.nu.ac.bd নোটিফিকেশন লিংকে পাওয়া যাবে) করে College Entry লিংক-এ প্রবেশপূর্বক অনলাইন ফরম পূরণ করতে হবে।

**তথ্য পূরণের ছক:**

**National University Inter-College Sports, Cultural and Debate Competition Form**

1. Event Name:
2. Participant's Name:
3. Registration Number/Admission Roll
4. Course Name:
5. Session:
6. Date of Birth:
7. Gender:
8. Level: (District/Zone)
9. Results obtained at District Level:
10. Contact Number:
11. National ID Number:
12. E-mail:
13. Account Holder's Name:
14. Account Number:
15. Bank Name:
16. Branch Name:
17. Branch Code:
18. Routing Number:
19. Student's Photograph:

৩) টিম গঠন: প্রতিযোগিতায় নিম্নবর্ণিত ১২টি ইভেন্ট থাকবে। প্রতিটি ইভেন্টের জন্য প্রয়োজনীয় সংখ্যক প্রতিযোগীর সমন্বয়ে টিম গঠন করতে হবে।

- হ্যান্ডবল = ১২ জনের টিম
- দাবা = ৪ জনের টিম (একক ও দ্বৈত)
- ক্যারাম = ৪ জনের টিম (একক ও দ্বৈত)
- ব্যাডমিন্টন = ৪ জনের টিম (একক ও দ্বৈত)
- টেবিল টেনিস = ৪ জনের টিম (একক ও দ্বৈত)
- হকি = ১৬ জনের টিম
- ফুটবল = ১৬ জনের টিম
- বাস্কেটবল = ১২ জনের টিম
- সাঁতার = ৪ জনের টিম
- ভলিবল = ১২ জনের টিম
- ক্রিকেট = ১৬ জনের টিম
- কাবাডি = ১২ জনের টিম

৪) নির্দেশনাসমূহ:

ক) ইভেন্টসমূহে ছাত্র এবং ছাত্রীরা উভয়ই পৃথক পৃথকভাবে অংশগ্রহণ করতে পারবেন।

খ) ক্রিকেট খেলার ক্ষেত্রে অবশ্যই কাঠের বল ব্যবহার করতে হবে।

গ) যে কোনো ইভেন্টে অংশগ্রহণের জন্য প্রতিযোগীকে ব্যক্তিগতভাবে খেলার সামগ্রী সঙ্গে নিয়ে আসতে হবে।

ঘ) সাঁতারের ক্ষেত্রে স্থানীয় ক্রীড়া সংস্থার সাথে যোগাযোগ করে প্রতিযোগিতার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

ঙ) একজন প্রতিযোগী সর্বোচ্চ ০২ (দুই) টি একক এবং ০২ (দুই) টি দলীয় ইভেন্টে অংশগ্রহণ করতে পারবেন।

চ) *প্রতিযোগীগণকে কলেজ কর্তৃপক্ষের মাধ্যমে অনলাইনে আবেদন করতে হবে। কোন প্রতিযোগীর ব্যক্তিগতভাবে আবেদন করার সুযোগ থাকবে না।*

ছ) *জরুরী প্রয়োজনে জনাব মোঃ ইব্রাহীম খলীল, অতিরিক্ত পরিচালক (ভারপ্রাপ্ত), শারীরিক শিক্ষা ও সংস্কৃতি বিষয়ক দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (মোবাইল : ০১৯৫৩৬৯৫৩৫৭) এবং জনাব আব্দুল্লাহ আল মামুন, সহকারী পরিচালক (শারীরিক শিক্ষা), শারীরিক শিক্ষা ও সংস্কৃতি বিষয়ক দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (মোবাইল : ০১৭১৩৬৭১৫৫২) এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।*

জ) জেলা ভেন্যুর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জেলা পর্যায়ে ইভেন্ট-ভিত্তিক বিজয়ীদের মধ্যে ১ম স্থান অধিকারী ছাত্র-ছাত্রী/দলের সকল তথ্যসহ প্রতিযোগিতার ফলাফল ক্রীড়া অনুষ্ঠান সমাপ্তির পরই ওয়েবসাইটে আপলোড করবেন। যদি ১ম স্থান অধিকারী খেলোয়াড় যদি কোনো কারণে বিভাগীয় পর্যায়ের প্রতিযোগিতায় অংশগ্রহণে অসম্মতি প্রকাশ করে সেক্ষেত্রে ২য় স্থান অধিকারী খেলোয়াড় বিভাগীয় পর্যায়ে প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য মনোনীত হবেন।

ঝ) জেলা ও বিভাগীয় পর্যায়ে ক্রীড়া প্রতিযোগিতা আয়োজনের জন্য দেশের ৬৪টি জেলার ৬৪টি কলেজ এবং ৮টি বিভাগের ৮টি কলেজকে ভেন্যু হিসেবে নির্বাচন এবং প্রতিযোগিতার ব্যয় নির্বাহের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃক বরাদ্দকৃত অর্থ সংশ্লিষ্ট ভেন্যু কলেজে ব্যাংকের হিসাব নম্বরে প্রেরণ করা হবে।

ঞ) প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে অবশ্যই জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজ/প্রতিষ্ঠানসমূহের নিয়মিত ছাত্র-ছাত্রী হতে হবে। ১ম বর্ষ ডিগ্রী, অনার্স ও মাস্টার্স কোর্সে ভর্তি হওয়ার পর কোন ছাত্র-ছাত্রী রেজিস্ট্রেশন না পেয়ে থাকলে ভর্তি রোল নম্বরের মাধ্যমে নিবন্ধন কার্যক্রমে অংশগ্রহণ করতে পারবেন।

ট) ক্রীড়া প্রতিযোগিতায় ইভেন্ট-ভিত্তিক বিজয়ী প্রতিযোগী নির্বাচনের জন্য সংশ্লিষ্ট ভেন্যু কলেজের অধ্যক্ষ তাঁর নিজ কলেজের একজনসহ ০৩ (তিন) সদস্যবিশিষ্ট বিচারক প্যানেল গঠন করবেন। তন্মধ্যে একজন জেলা/বিভাগীয় ক্রীড়া সংস্থা কর্তৃক মনোনীত ও অপর একজন ভেন্যু কলেজ ব্যতীত অন্য যেকোন কলেজ হতে মনোনীত হবেন। এক্ষেত্রে কলেজ অধ্যক্ষ সংশ্লিষ্ট জেলা ক্রীড়া কর্মকর্তার সহযোগিতা ও পরামর্শ গ্রহণ করতে পারেন।

ঠ) জেলা পর্যায়ে প্রতিটি ইভেন্টে প্রথম স্থান অর্জনকারী ছাত্র-ছাত্রী/দল বিভাগীয় পর্যায়ের প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবেন।

ড) বিভাগীয় পর্যায়ে প্রতিটি ইভেন্টে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অর্জনকারী ছাত্র-ছাত্রী/দলকে পুরস্কার ও সনদপত্র প্রদান করা হবে। তবে প্রত্যেক বিভাগ থেকে প্রতিটি ইভেন্টে শুধুমাত্র প্রথম স্থান অর্জনকারী ছাত্র-ছাত্রী/দল চূড়ান্ত প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবেন।

ঢ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের আঞ্চলিক কেন্দ্রের পরিচালকগণ স্ব স্ব জেলা/বিভাগে আন্তঃকলেজ ক্রীড়া প্রতিযোগিতা-২০২৬ এর কার্যক্রম সমন্বয় করবেন। শারীরিক